

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৭

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮

১১ আগস্ট ২০২১

বিষয়: দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

১। সমুদ্র বন্দরসমূহের জন্য সতর্ক সংকেত:

সমুদ্র বন্দরসমূহের জন্য কোন সতর্কবার্তা নেই।

২। আজ ১১ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ৯ টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদীবন্দর সমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রাজশাহী, পাবনা, বগুড়া, টাঙ্গাইল, ময়মনসিংহ, ঢাকা, ফরিদপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম, কক্সবাজার ও সিলেট অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে বৃষ্টি অথবা বজ্রবৃষ্টিসহ অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়া বয়ে যেতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর (পুনঃ) ১ নম্বর সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

৩। ১১ আগস্ট ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাস:

সিনপটিক অবস্থাঃ মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ রাজস্থান, হরিয়ানা, উত্তর প্রদেশ, বিহার, হিমালয়ের পাদদেশীয় পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের উত্তরাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগর পর্যন্ত বিস্তৃত রয়েছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর মোটামুটি সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী অবস্থায় রয়েছে।

পূর্বাভাসঃ রংপুর, রাজশাহী, ঢাকা, ময়মনসিংহ, খুলনা, বরিশাল, চট্টগ্রাম ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশের দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (৩ দিন): বৃষ্টিপাতের প্রবনতা বৃদ্ধি পেতে পারে।

গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	৩৪.৪	৩২.৪	৩৩.৩	৩৪.৩	৩৫.৩	৩৫.০	৩৫.৬	৩৪.০
সর্বনিম্ন তাপমাত্রা	২৬.৪	২৭.০	২৫.১	২৫.৫	২৫.০	২৬.২	২৭.৮	২৬.৮

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল যশোর ৩৫.৬^০ সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা বগুড়া ২৫.০^০ সেঃ।

(সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

৪। এক নজরে নদ-নদীর পরিস্থিতি ও পূর্বাভাস

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে। আগামী ২৪ ঘন্টায় ব্রহ্মপুত্র নদের পানি সমতল স্থিতিশীল থাকতে পারে, অপরদিকে যমুনা নদীর পানি সমতল হ্রাস অব্যাহত থাকতে পারে।
- গঙ্গা নদীর পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, অপরদিকে পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে। এই অবস্থা আগামী ৪৮ ঘন্টা

পর্যন্ত অব্যাহত থাকতে পারে।

- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার কুশিয়ারা ব্যতীত প্রধান নদীসমূহের পানি সমতল বৃদ্ধি পাচ্ছে, যা আগামী ২৪ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৪৮ ঘণ্টায় দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল এবং তৎসংলগ্ন ভারতের হিমালয় পাদদেশীয় পশ্চিমবঙ্গ, সিকিম, আসাম ও মেঘালয় প্রদেশের স্থানসমূহে মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে দেশের উত্তরাঞ্চলের তিস্তা, ধরলা, দুধকুমার ও উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দ্রুত বৃদ্ধি পেতে পারে।

৪ (ক)। ১০ আগস্ট, ২০২১ তারিখ থেকে আগামী ১০ দিনের সম্ভাব্য পূর্বাভাস:

- ব্রহ্মপুত্র-যমুনা নদীর পানি সমতল আগামী ১২ই আগস্ট পর্যন্ত ক্রমাগত হ্রাস পেয়ে তারপর বাড়তে পারে। আগামী ৭ দিনে আপাতত ব্রহ্মপুত্র নদীর অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল বৃদ্ধি আগামী ৭ দিন অব্যাহত থাকতে পারে। রাজবাড়ী জেলার গোয়ালন্দ পয়েন্ট এবং শরীয়তপুর জেলার সুরেশ্বর পয়েন্টে পানি সমতল বৃদ্ধি অব্যাহত থাকতে পারে এবং আগামী ১৫ই আগস্ট নাগাদ পানি সমতল বিপদসীমার কাছাকাছি পৌঁছাতে পারে। গঙ্গা নদীর অববাহিকায় অন্যান্য স্টেশনে আগামী ৭ দিনে আপাতত বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।
- ঢাকার চারপাশের নদীসমূহের পানি সমতল বাড়তে পারে। ঢাকার চারপাশের নদীসমূহের অববাহিকায় বিপদসীমা অতিক্রমের সম্ভাবনা নেই।

৪ (খ)। নদ-নদীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত):

পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন	১০৯	গেজ স্টেশন বন্ধ আছে	০
বৃদ্ধি	৫৫	গেজ পাঠ পাওয়া যায়নি	ডাটা সংগ্রহ শুরু হয়নি (০১ টি)
হ্রাস	৪৫	মোট তথ্য পাওয়া যায়নি	০
অপরিবর্তিত	০৮	বিপদ সীমার উপরে	০

৫। বৃষ্টিপাতের তথ্যঃ

গত ২৪ ঘণ্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
ছাতক	২৬২.০	সুনামগঞ্জ	২৫৫.০	লালাখাল	২০৫.০
মহেশখোলা	১২৮.০	গাইবান্ধা	১২৭.০	লামা	১১১.০
জাফলং	১১০.০	রামগড়	৮৬.০	চট্টগ্রাম	৮২.০
লরেনগড়	৮০.০	সিলেট	৮০.০	পাঁচপুকুরিয়া	৭৫.০
রাজশাহী	৭৩.০	কানাইঘাট	৬২.০	দক্ষিণবাগ	৫৭.০
বগুড়া	৫০.০	চিলমারী	৪৭.০	শেওলা	৪৬.০

৫(ক)। গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)	স্টেশন	বৃষ্টিপাত (মি.মি.)
চেরাপুঞ্জি	১৫৫.০	জলপাইগুড়ি	৩৮.০	পাসিঘাট	২১.০

৬। অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ৯ আগস্ট, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১০ আগস্ট, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১১ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা দেওয়া হলঃ

ক্রঃ নং	বিভাগের নাম	অগ্নিকান্ডের সংখ্যা	আহতের সংখ্যা	নিহতের সংখ্যা
১।	ঢাকা	৩	০	০
২।	রাজশাহী	৪	০	০
৩।	চট্টগ্রাম	৪	২	০
	মোট	১১	২	০

৬(ক) উল্লেখযোগ্য অগ্নিকান্ড (জেলাভিত্তিক তথ্য):

চট্টগ্রামঃ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের মাধ্যমে পাওয়া তথ্য হতে জানা যায় যে, গত (০৯.০৭.২০২১খ্রি) তারিখে ফরহাদবাদ, হাটহাজারী, চট্টগ্রাম এলাকায় একটি বেকারীর দোকানে রান্নাঘর থেকে রাত ৯:৩৮ ঘটিকায় অগ্নিকান্ডের সূত্রপাত হয়। সংবাদ পেয়ে ফায়ার সার্ভিসের ২ টি ইউনিট ঘটনাস্থলে পৌঁছানোর পূর্বেই আগুন নিয়ন্ত্রণে আসে। এ অগ্নিকান্ডের ঘটনায় ২ (দুই) জন আহত হয়। আহতদের বিস্তারিত তথ্য পাওয়া যায়নি।

৭ (ক)। কোভিড-১৯ ও অন্যান্য প্রাকৃতিক দুর্যোগকালীন মানবিক সহায়তার কার্যক্রমের বিবরণ:

ক্রঃ নং	ব্রাণ কার্যক্রমের নাম	বরাদ্দের পরিমাণ		
		চলতি অর্থ বছরে (০১/০৭/২০২১ খ্রিঃ থেকে ১১/০৮/২০২১খ্রিঃ তারিখ পর্যন্ত)	বিগত (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে ৩০/০৬/২০২১খ্রিঃ) পর্যন্ত	মোট বরাদ্দ (২৪/০৩/২০২০ খ্রিঃ থেকে অদ্য পর্যন্ত)
১	২	৩	৪	৫ (৩+৪)
১	৩৩৩ ফোন নম্বরে অনুরোধকারীদের খাদ্য সহায়তা প্রদানের নিমিত্ত বরাদ্দ অর্থ	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা	-	১০০,০০,০০,০০০/- (একশত কোটি) টাকা
২	ব্রাণ কার্য (নগদ অর্থ)	২৮,১২,২৫,০০০/- (আটশ কোটি বার লক্ষ পঁচিশ হাজার) টাকা	১০১১,১৩,৩২,৫১১/- (এক হাজার এগার কোটি তের লক্ষ বত্রিশ হাজার পাঁচশত এগার) টাকা	১০৩৯,১৫,৫৭,৫১১/- (এক হাজার উনচল্লিশ কোটি পনের লক্ষ সাতান্ন হাজার পাঁচশত এগারো) টাকা
৩	চাল	১,৪৩,৩১৫.৫১ (এক লক্ষ তেতাল্লিশ হাজার তিনশত পনের দশমিক পাঁচ এক) মে: টন	৪,৪৪,৫৪২ (চার লক্ষ চুয়াল্লিশ হাজার পাঁচশত বিয়াল্লিশ) মেঃ টন	৫,৮৭,৮০৭.৫১ (পাঁচ লক্ষ সাতাশি হাজার আটশত সাত দশমিক পাঁচ এক) মে. টন
৪	শুকনা ও অন্যান্য খাবার [মিনিকেট চাল ১০ কেজি; দেশী মুসুর ডাল ০১ কেজি প্যাকেট; আয়োডিনযুক্ত লবণ ০১ (এক) কেজি প্যাকেট; চিনি ০১ (এক) কেজি প্যাকেট; চিড়া (এক কেজির প্যাকেট ২ টি) ০২ (দুই) কেজি; সয়াবিন তেল ০১ (এক) লিটারের বোতল; নুডুলস ৫০০ (পাঁচশত) গ্রাম]	১৭,৩০০ (সতের হাজার তিনশত) প্যাকেট	৬,৮৭,৭০০ (ছয় লক্ষ সাতাশি হাজার সাত শত) প্যাকেট	৭,০৫,০০০ (সাত লক্ষ পাঁচ হাজার) প্যাকেট
৫	ঢেউটিন	-	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বাস্তিল	৩১,৮০০ (একত্রিশ হাজার আটশত) বাস্তিল
৬	গৃহ নির্মাণ মঞ্জুরী	-	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা	৯,৫৪,০০,০০০/- (নয় কোটি চুয়ান্ন লক্ষ) টাকা

৭ (খ)। ৩৩৩ এর মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মানবিক সহায়তার বিবরণ (১০/০৮/২০২১ তারিখ পর্যন্ত):

ত্রাণ কার্য (নগদ অর্থ) টাকা	সকল জেলা (পৌরসভাসহ)	সকল সিটি করপোরেশন	সর্বমোট
উপকারভোগী পরিবার সংখ্যা	১,৯০,৪৮১ টি	৭,৭৬২ টি	১,৯৮,২৪৩ টি
উপকারভোগী লোক সংখ্যা	৮,৩২,৯৩৪ জন	৩৮,৪৪৬ জন	৮,৭১,৩৮০ জন

৮। দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী আদেশাবলী ২০১৯ সহ অন্যান্য বিধিবিধান অনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হয়েছে।



১১-৮-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.২৫৭/১(১৭১)

তারিখ: ২৭ শ্রাবণ ১৪২৮

১১ আগস্ট ২০২১

সদয় অবগতির জন্য প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৪) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক, যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর



১১-৮-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা